

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ০৭/১০/২০২১ খ্রিঃ,


সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, এ বছর দেশের তাপমাত্রা অতিরিক্তভাবে বৃদ্ধি পাওয়ায় গরমের কারণে গ্রামীণ এলাকায় শিশুদের অনেক সমস্যা হচ্ছে পাশাপাশি গরমের কারণে নানান রোগের আক্রান্ত হয়ে সাধারণ মানুষ হাসপাতালে আসছে চিকিৎসা সেবা নেয়ার জন্য। তাই হাসপাতাল হতে যেনো সাধারণ মানুষ যথাযথভাবে চিকিৎসা সেবা পায় সে দিকে সকলকে বিশেষ দৃষ্টি দিতে হবে।</p> <p>সভায় বিশেষ গুরুত্বের সাথে আলোচনা হয় যে, বর্তমান বছরে বৈশ্বিক মহামারী করোনার প্রভাবে সারা দেশের মানুষের জীবনযাত্রা স্থবির হয়ে পরেছে। উপজেলার সর্বস্তরের মানুষ করোনা সংক্রমণে আক্রান্ত হওয়ার জন্য ভীত সন্ত্রস্ত। সম্মিলিতভাবে করোনা'কে মোকাবেলা করা, করোনা হতে নিজেদের মুক্ত রাখার জন্য করণীয় নির্ধারণ ইত্যাদি বিষয়ে উপজেলার স্বাস্থ্য কর্মীদের যদি প্রশিক্ষণ প্রদান করা যায় তাহলে উপজেলার সাধার মানুষকে করোনা মোকাবেলা সার্বিক সেবা প্রদান করা যাবে বলে উপস্থিত সকলে তাদের গুরুত্বপূর্ণ মতামত পেশ করেন।</p> <p>সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান নিরাপদ মাতৃত্ব ও নবজাতকের অত্যাবশ্যকীয় সেবাসহ মায়ের স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সচেতনতার অভাবে উপজেলায় নিরাপদ মাতৃত্ব ও নবজাতকের পরিচর্যা যথাযথভাবে হচ্ছেনা ফলে মা ও নবজাতকের সংক্রমণের হার বৃদ্ধি পাচ্ছে। এসংক্রান্ত বিষয়য়ে তহবিল সংকটের কারণে সংশ্লিষ্ট মাঠ কর্মীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা যাচ্ছে না।</p> <p>উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন স্বাস্থ্য সেবা কেন্দ্র সমূহে সাধারণ মানুষকে তাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে যেনো সকলে সরকারী নীতিমালা ও দায়দায়িত্ব যথাযথভাবে পালন করেন তার জন্য সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলের প্রতি উদাত্ত আহবান জানানো হয়।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে এই সভার মাধ্যমে সিদ্ধান্ত হয় যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায় করোনা মোকাবেলায় উপজেলার স্বাস্থ্য কর্মীদের করোনা কালীন সময়ে স্বাস্থ্যকর্মী ও স্থানীয় জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ প্রশিক্ষণ ও উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কর্মীদের নিরাপদ মাতৃত্ব ও নবজাতকের অত্যাবশ্যকীয় সেবা বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত দুইটি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৩.০০১.০০.০০২.২১-

খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

তারাকান্দা, ময়মনসিংহ।